গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.২০১৫-৪৫৬ তারিখঃ ১৯ জ্যেষ্ঠ, ১৪২২
০২ জুন, ২০১৫

# পরিপত্র

বিষয়ঃ সরকারি ও বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের **ডাইনামিক** ওয়েবসাইট তৈরি ও হালনাগাদকরণ।

ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নে সরকারি ও বেসরকারি পর্যায়ের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শেখা-শেখানো অধিকতর ফলপ্রসূ করার জন্য ওয়েবসাইট প্রয়োজন। এ ছাড়া স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানে ওয়েবসাইট থাকা আবশ্যক। সরকারি ও বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের গুরুত্বর্পূণ তথ্যাদি অনলাইনে প্রকাশের উদ্দেশ্যে নিমণরূপভাবে ওয়েবসাইট তৈরি ও হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো :

১. ওয়েবসাইটে শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য ও ছবি যেমন : প্রতিষ্ঠানের পরিচিতি ও ইতিহাস, শির্ক্ষাথীদের তথ্য, শিক্ষকদের তথ্য, কনটেন্ট, ভূমির তফসিল, ভূমির মালিকানা সংক্রান্ত তথ্য, ভবন, কক্ষ সংখ্যা, বিভিন্ন শ্রেণিতে ছাত্র-ছাত্রীর আসন সংখ্যা, যানবাহনসহ অন্যান্য সুবিধার তথ্যাদি, মাল্টিমিডিয়া ক্লাসরুম ও কম্পিউটার ল্যাব সংক্রান্ত তথ্য, কম্পিউটার ব্যবহার সংক্রান্ত তথ্য, পরিচ্ছন্নতা, শরীরর্চচা ও স্যানিটেশন সংক্রান্ত তথ্য, পঠিত বিষয়, বিভিন্ন অনুষ্ঠান সম্পর্কে তথ্য, স্মরণিকা, অনুমোদিত ও পূরণকৃত পদের তথ্য, বিগত তিন বছরের পাবলিক পরীক্ষার ফলাফল সংক্রান্ত তথ্য, ম্যানেজিং কমিটি/গর্ভনিং বডির তথ্য, প্রতিষ্ঠান সংক্রান্ত আইন, বিধি, নীতিমালা, র্সাকুলার, খেলার মাঠ সংক্রান্ত তথ্য, খেলাধূলা ও সাংস্কৃতিক কার্যক্রম এবং বিভিন্ন সফলতার তথ্য ও ছবি গ্যালারি অর্ন্তভুক্ত করতে হবে;

২. ছাত্রীদের তথ্যাবলী শুধুমাত্র শিক্ষক ও সংশ্লিষ্ট অভিভাবকগণ দেখতে পারবেন। এর জন্য পাসওর্য়াড ব্যবহার করতে হবে;

৩. প্রতিদিন ক্লাস শুরুর এক ঘন্টার মধ্যে শ্রেণি অনুসারে শির্ক্ষাথীদের উপস্থিতি ও অনুপস্থিতির সংখ্যা এবং শিক্ষকদের উপস্থিতি ও অনুপস্থিতির সংখ্যা ওয়েবসাইটে আপলোড করতে হবে;

৪. ওয়েবসাইটে বিভিন্ন সেবা অর্ন্তভুক্ত থাকতে হবে, যেমন : ক্লাস রুটিন, একাডেমিক ক্যালেন্ডার, বাৎসরিক ছুটির তালিকা, অভ্যন্তরীণ পরীক্ষাসমূহের ফলাফল, জরুরি নোটিশ, টি.সি, প্রশংসাপত্র, শির্ক্ষাথী সম্পর্কিত সকল প্রকার রির্পোট, প্রতিষ্ঠানের একাউন্টস তথা প্রাত্যহিক কালেকশন, খরচ, স্টেটমেন্টসহ সকল প্রকার হিসাব ব্যবস্থাপনা, English for Today এর Listening Text, Electronic Instruction Manual, e-book ইত্যাদি। এ ছাড়া নতুন নতুন সেবা অর্ন্তভুক্ত করার প্রচেষ্টা চলমান থাকবে;

৫. ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা এবং সমস্যার উদ্ভব হলে সমাধান করাসহ সার্বিক ব্যবস্থাপনার জন্য কম্পিউটার ও কারিগরি জ্ঞান সম্পন্ন জনবল না থাকলে আউট সোর্সিং এর মাধ্যমে এ কাজ চালাতে হবে। সম্ভব হলে প্রতিষ্ঠানের ন্যূনপক্ষে একজন র্কমর্কতা ও র্কমচারীকে প্রশিক্ষণ প্রদান করে নিয়মিতভাবে ওয়েবসাইট হালনাগাদকরণের কাজ করতে হবে;

৬. উপজেলা একাডেমিক সুপারভাইজারগণ শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েসবাইটসমূহ হালনাগাদ আছে কিনা এবং যথাযথ তথ্য সন্নিবেশিত হয়েছে কিনা তা নিয়মিত তদারকি করবেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন দাখিল করবেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জেলা শিক্ষা অফিসারের নিকট প্রতিবেদন দাখিল করবেন। জেলা শিক্ষা অফিসারগণ তার জেলার প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইট তৈরি ও হালনাগাদকরণ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর আঞ্চলিক উপপরিচালকের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন;

৭. জেলা ও উপজেলা শিক্ষা কমিটি সভায় বিষয়টি পর্যালোচনা করবে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি/ সার্বিক) বিষয়টি মনিটর করবেন;

৮. সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট তৈরি এবং ব্যবস্থাপনা সংক্রান্ত ব্যয় সরকারের বিধি বিধান মোতাবেক নিজস্ব তহবিল থেকে নির্বাহ করতে পারবে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের পৃথক অনুমোদন গ্রহণের প্রয়োজন হবে না। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় ওয়েবসাইট তৈরি করবে;

*চলমান পাতা/-২*

৯. যেখানে বিদ্যুৎ সংযোগ নেই সেখানে স্থানীয় জেলা পরিষদ/উপজেলা পরিষদ এবং স্থানীয় জনপ্রতিনিধি ও শিক্ষানুরাগী ব্যাক্তিগণের সহযোগিতায় সৌর বিদ্যুতের ব্যবস্থা করতে হবে;

১০. যে সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিজস্ব ওয়েবসাইট নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব ওয়েবসাইট তৈরি করে ওয়েবসাইটের ঠিকানা আগামী ৩০ জুন ২০১৫ তারিখের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করবে।

স্বাক্ষরিত/০২.০৬.২০১৫
(মো. নজরুল ইসলাম খান)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.২০১৫-৪৫৬(১৩) তারিখঃ ১৯ জ্যেষ্ঠ, ১৪২২ / ০২ জুন, ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্যক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার (সকল)
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/দিনাজপুর/বরিশাল/যশোর/
৫. পরিচালক, ব্যানবেইস, পলাশী, ঢাকা
৬. জেলা প্রশাসক (সকল)
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১০. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১২. যুগ্মসচিব (মাধ্যমিক-১/২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সংশ্লিষ্ট নথি।

(গৌতম কুমার)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৭৮০